

রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের ডিপিপির অনুমোদন, শিক্ষার্থীদের উচ্ছ্বাস

সিরাজগঞ্জ প্রতিনিধি



ছবি : কালের কঠ

সিরাজগঞ্জের শাহজাদপুরে অবস্থিত রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের স্থায়ী

ক্যাম্পাসের উন্নয়ন প্রকল্প প্রস্তাব (ডিপিপি) জাতীয় অর্থনৈতিক

পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় অনুমোদন পেয়েছে।

এ সংবাদে আমরণ অনশন ভেঙে আনন্দ-উচ্ছ্বাসে মেঠেছেন

শিক্ষার্থীরা।

আজ রবিবার (১৭ আগস্ট) দুপুর সোয়া ২টার আন্দোলনরত

শিক্ষার্থী, বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য প্রফেসর ড. সুমন কান্তি

বড়ুয়া, ট্রেজারার প্রফেসর ড. ফিরোজ আহমদ, প্রষ্ঠর (ভারপ্রাণ)

নজরুল ইসলামসহ প্রষ্ঠরিয়াল টিমের সদস্যরা উপস্থিত ছিলেন।

তারা সবাই মিলে শিক্ষার্থীদের অনশন ভাঙান এবং শিক্ষার্থীরা

আনন্দ-উচ্ছ্বাসে মেঠে ওঠেন।

পুলিশ হত্যাচেষ্টা মামলার আসামি অন্তর্সহ গ্রেপ্তার



তাৎক্ষনিক প্রতিক্রিয়ায় প্রষ্টর (ভারপ্রাণ) নজরুল ইসলাম রবীন্দ্র

বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাসের ৫১৯ কোটি টাকার ডিপিপি

অনুমোদন হওয়ায় সরকারের প্রধান উপদেষ্টাসহ সংশ্লিষ্ট

উপদেষ্টাদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। এ সময় দ্রুত প্রকল্পটি

বাস্তবায়নের দাবি জানান তিনি।

উচ্ছ্বসিত শিক্ষার্থীরা বলেন, অনেক আন্দোলন সংগ্রামের ফল এই

ডিপিপি। আমরা আশা করছি দ্রুত সময়ের মধ্যে এ প্রকল্পের

কাজ শুরু হবে।

এ সময় তারা সেনাবাহিনীর তত্ত্বাবধানে রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের

স্থায়ী ক্যাম্পাস নির্মাণের দাবি জানান।

৯ বছর আগে প্রতিষ্ঠিত রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাসের

দাবিতে শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীরা ২৩ জুলাই থেকে

লাগাতার আন্দোলন করে আসছিলেন। বিভিন্ন রাজনৈতিক দল,

সামাজিক-সাংস্কৃতিক সংগঠনগুলোও তাদের দাবির প্রতি সংহতি

প্রকাশ করেন। এ অবস্থায় গতকাল শনিবার (১৬ আগস্ট) দুপুর

১২টা থেকে শিক্ষার্থীরা আমরণ অনশন শুরু করেন।

অনশন চলাকালে অন্তত ২০ জন শিক্ষার্থী অসুস্থ হয়ে পড়েন।

তাদের অনশনস্থলেই চিকিৎসা নিতে দেখা যায়। আজ রবিবার

দুপুরে একনেক সভায় প্রকল্পাতি অনুমোদনের সংবাদ পাওয়ার পর

শিক্ষার্থীসহ সংশ্লিষ্টদের মধ্যে স্বত্তি ফিরে আসে এবং টানা

আন্দোলনের সমাপ্তি ঘটে।